মুজিববর্ষে স্বাস্থ্য খাত
এগিয়ে যাবে অনেক ধাপ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী,ঢাকা-১২১২।

স্বাঃ অধিঃ হিসাব/এম.এস.আর/এপিপি/পরিচালক (স্বাস্থ্য) রাজশাহী বিভাগ রাজশাহী/২০২৩-২০২৪/৬২০ তাং-৩/৭/২৩

প্রতি,
পরিচালক (স্বাস্থ্য)
রাজশাহী বিভাগ, রাজশাহী ।

**বিষয় ঃ চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরের** পরিচালক (স্বাস্থ্য) রাজশাহী বিভাগ, রাজশাহী এর প্রতিষ্ঠানিক কোড ১২৭০২০২-১১০৫২০ অর্থনৈতিক বিভিন্ন কোডের বিপরীতে সঠিক ক্রয়ের বাৎসরিক ক্রয় পরিকল্পনা ( এপিপি) অনুমোদন প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ- পরিঃ(স্বাস্থ্য)/রাজবি/হিসাব/২৩/৩০/১৪৫৯, তাং- ২০/০৭/২০২৩ ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জনানো যাইতেছে যে, চলতি ২০২৩-২০২৪ অর্থ বৎসরে পরিচালক (স্বাস্থ্য) রাজশাহী বিভাগ, রাজশাহী এর প্রাতিষ্ঠানিক কোড ১২৭০২০২-১১০৫২০ বিভিন্ন অর্থনৈতিক কোডের বিপরীতে ২০২৩-২০২৪ অর্থ বৎসরের বার্ষিক ক্রয় পরিকল্পনা (এপিপি) অনুমোদন নিম্নলিখিত শর্ত সাপেক্ষে প্রদান করা হইল।

**শর্ত থাকে যে ঃ-**

১। সকল ক্রয়ের ক্ষেত্রে পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ ( সংশোধিত-২০১৯) ও আর্থিক ক্ষমতা অর্পন-২০১৫ অনুসরনপূর্বক সকল আর্থিক বিধিবিধান যথাযথভাবে পালন করিতে হইবে। পিপিএ-২০০৬ পিপিআর-২০০৮ ( সংশোধিত-২০২১) তফসিল-৫(গ) অনুসরনপূর্বক পূরণকৃত ছক মোতাবেক সময়/টাইম ফ্রেম অনুসরনপূর্বক ক্রয়কার্য সময়মত সম্পন্ন করিতে হইবে। অনাকাংখিত বিলম্বের জন্য স্থানীয় ক্রয়কারী কর্তৃপক্ষ দায়ী থাকিবেন।

২। ক্রয়কার্য পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ (সংশোধিত-২০১৯) তফসিল-২ এ বর্ণিত মূল্যসীমার সহিত সামাঞ্জস্যপূর্ণ থাকিতে হইবে এবং সরকারী স্বাস্থ্য ব্যবস্থাপনা-১ অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় স্বারক নং- ৮৭৩, তারিখ-১০/০৯/২০১৭ ইং এ উল্লিখিত কোড ও খাতওয়ারী বিভাজনের সহিত সামাঞ্জস্যপূর্ণ থাকিতে হইবে। এক কোডের অর্থ দ্বারা অন্য কোডে পণ্য/কার্য/সেবা ক্রয়ের সুযোগ নাই। বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ডুপ্লিকেশন পরিহার করিতে হইবে এবং একই ক্ষেত্রে ব্যয়ের লক্ষ্যে পরিচালন (রাজস্ব ) ও উন্নয়ন উভয় বাজেট হতে ব্যয় করা যাইবে না।

৩। বাজেটে বরাদ্দকৃত ২০২৩-২০২৪ অর্থ বৎসরে প্রদত্ত অর্থের সংস্থানের সহিত অত্র ক্রয় পরিকল্পনা (এপিপি) এর সামাঞ্জস্যপূর্ণ থাকিতে হইবে। প্রদত্ত পরিচালন (রাজস্ব) বাজেটে বরাদ্দকৃত অর্থ (বিতরনকৃত/উপযোজিত/সংশোধিত) দ্বারা ক্রয়ের জন্য অত্র ক্রয় পরিকল্পনা অনুমোদন করা হইতেছে। পিপিআর-২০০৮ (সংশোধিত-২০২১) বিধি-১৬(৬)] । পরবর্তীতে বিশেষ ক্ষেত্রে স্থানীয় ক্রয় কারী কর্তৃপক্ষ এর নিজস্ব প্রয়োজনে ও বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে হালনাগাদ পৃথক সংশোধিত ক্রয় পরিকল্পনা অনুমোদন গ্রহণ করিবেন। [ পিপিআর-২০০৮ (সংশোধিত-২০২১) বিধি-১৬(১০)]।

৪। অত্র অনুমোদিত ২০২৩-২৪ অর্থ বৎসরের বার্ষিক ক্রয় পরিকল্পনা (এপিপি) শুধুমাত্র পরিচালন (রাজস্ব) বাজেটে প্রদত্ত অর্থের ক্ষেত্রে প্রযোজ্য হইবে। পরিচালন (রাজস্ব) বাজেট ব্যতিত অন্যান্য ক্রয়ের ক্ষেত্রে অথবা উন্নয়ন বাজেট হতে ক্রয়ের ক্ষেত্রে পৃথক ক্রয় পরিকল্পনা অনুমোদন লাগিবে। [ পিপিআর-২০০৮ (সংশোধিত-২০২১) বিধি-১৬(৩)] । বার্ষিক ক্রয় পরিকল্পনা ( এপিপি) তে অনুমোদিত নহে এবং বাজেট বরাদ্দের অতিরিক্ত ব্যয়ের সুযোগ নাই।

৫। আর্থিক ক্ষমতা অর্পন ২০১৫ ধারা-৪(খ) এবং পিপিএ-২০০৬ ধারা-২(১) ও পিপিআর-২০০৮ ( সংশোধিত-২০২১) বিধি-২(১) মোতাবেক দরপত্র মূল্যায়নে প্রস্তাবিত ক্রয়চুক্তি অনুমোদনকারী কর্তৃপক্ষ এবং পিপিএ-২০০৬ ধারা-২(৯) ও পিপিআর-২০০৮ (সংশোধিত-২০২১) বিধি-২(১৫) মোতাবেক ক্রয়কারী কার্যালয় প্রধান (HOPE) নির্ধারণ করা হইয়াছে। এমএসআর (অর্থনৈতিক কোড-৩২৫২১০৫) হইতে আইটেম ক্রয়ের ক্ষেত্রে ক্রয়চুক্তি অনুমোদনকারী কর্তৃপক্ষ নির্ধারনের ক্ষেত্রে সিপিটিইউ এর সর্বশেষ নির্দেশনা অনুসরনীয় হইবে।

৬। চলতি ২০২৩-২০২৪ অর্থ বৎসরের বার্ষিক ক্রয় পরিকল্পনা (এপিপি) তে প্রযোজ্য ক্ষেত্রে মূলধন খাত অর্থনৈতিক কোড-৪১১২২০২৩১৪ (কম্পিউটার ও আনুসঙ্গিক) অর্থনৈতিক কোড ৪১১২২০৪ টেলিযোগাযোগ সরঞ্জামাদি, অর্থনৈতিক কোড-৪১১২৩১৪ (অফিস আসবাবপত্র), অর্থনৈতিক কোড-৪১১২৩১৫ (চিকিৎসা যন্ত্রপাতী/ভারী যন্ত্রপাতী) ও অর্থনৈতিক কোড-৪১১২৩১৬(অন্যান্য যন্ত্রপাতী ও সরঞ্জামাদি) ক্রয়ের ক্ষেত্রে এবং এমএসআর (অর্থনৈতিক কোড-৩২৫২১০৫) হইতে ক্রয়ের ক্ষেত্রে উন্মুক্ত দরপত্রের মূল্যায়ন প্রতিবেদনে প্রস্তাবিত ক্রয়চুক্তি অনুমোদন ( দরপত্রের প্রশাসনিক অনুমোদন ) এর অনুমোদনকারী কর্তৃপক্ষ আর্থিক ক্ষমতা অর্পণ ২০১৫ ধারা-৪(খ) মোতাবেক নির্ধারিত হইবে।

মূলধন খাতে অর্থনৈতিক কোড-৪১১২৩১৪ (অফিস আসবাবপত্র ) ও ৪১১২৩১৫ (চিকিৎসা যন্ত্রপাতী/ভারী যন্ত্রপাতী) ক্রয়ের ক্ষেত্রে (প্রযোজ্য ক্ষেত্রে) আর্থিক ক্ষমতা অর্পন ২০১৫ ধারা-৫ মোতাবেক যথাযথ কর্তৃপক্ষের ব্যয় মঞ্জুরী গ্রহন করিতে হইবে।

৭। এম.এস.আর (অর্থনৈতিক কোড-৩২৫২১০৫) হতে এস আর বহির্ভূত আইটেম ক্রয়ের ক্ষেত্রে পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ ( সংশোধিত-২০২১) বিধি-১৬ উপবিধি-৫(ক) অনুসরন করিতে হইবে এবং বাজারদর কমিটি নির্ধারিত মূল্য/দাপ্তরিক প্রাক্কলিত ব্যয়কে আদর্শ ধরে মূল্যায়ন সমাধা করিতে হইবে। ইডিসিএল কর্তৃক প্রস্তুতকৃত ঔষধ নন-ইডিসিএল গ্রুপ হইতে দরদাতার মাধ্যমে সংগ্রহ করিতে হইবে ইডিসিএল কর্তৃক প্রদত্ত এনওসি আবশ্যক। চিকিৎসা ও রোগ নির্ণয়ের জন্য ব্যবহৃত কেমিক্যাল রিএজেন্ট অর্থনৈতিক কোড ৩২৫৬১০২ রাসায়নিক (কাঁচামাল সামগ্রী) কোড হইতে ক্রয় করা যাইবে না। চিকিৎসা ও রোগ নির্ণয়ের জন্য ব্যবহৃত কেমিক্যাল/রিএজেন্ট অর্থনৈতিক কোড-৩২৫২১০৫ চিকিৎসা ও শল্য চিকিৎসা সরঞ্জামাদি সরবরাহ কোড হইতে সংগ্রহ করিতে হইবে।

৮। আউটসোর্সিং (অর্থনৈতিক কোড-৩২১১১৩১) এর মাধ্যমে সেবাক্রয় প্রক্রিয়া শুরু করিবার পূর্বে অর্থ মন্ত্রণালয় এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ হইতে সংশ্লিষ্ট পদসমূহের বিপরীতে সেবাক্রয়ের পূর্বানুমোতি/সম্মতিপত্র আবশ্যক ।

৯। অর্থ বিভাগ অর্থ মন্ত্রণালয় স্বারক নং- ০৭.১০১.০২০.০০.০০.০০১.২০০৯-০১, তাং-০২/০৭/২০২৩ ইং অনুসরণপূর্বক ক্রয় সমাধা করিতে হইবে।

এমতাবস্থায় আর্থিক ক্ষমতা অর্পণ ২০১৫ এর সহিত সামাঞ্জস্যপূণ থাকায় পিপিএ-২০০৬ ধারা-১১(৩) এবং পি.পি.আর-২০০৮ ( সংশোধিত-২০২১) বিধি-১৮(৬) মোতাবেক পরিচালক (স্বাস্থ্য) রাজশাহী বিভাগ, রাজশাহী এর প্রতিষ্ঠানিক কোড ১২৭০২০২-১১০৫২০ এর চলতি ২০২৩-২০২৪ অর্থ বৎসরের বার্ষিক ক্রয় পরিকল্পনা (এপিপি) অনুমোদন প্রদান করা হইল।

ইহাতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রহিয়াছে।

Yasmin ২৯/০৮/২৩
(ডাঃ ফরিদা ইয়াসমিন)
পরিচালক (অর্থ)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
তাং-

স্বাঃ অধিঃ হিসাব/এম.এস.আর/এপিপি//পরিচালক (স্বাস্থ্য) রাজশাহী বিভাগ রাজশাহী /২০২৩-২০২৪/
অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হইল ঃ
১। সিনিয়র সচিব স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয় ঢাকা ( দৃষ্টি আকর্ষণঃ- সচিবের একান্ত সচিব)।
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (দৃঃ আঃ সহকারী পরিচালক, সমন্বয়)।
৩। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রাজশাহী বিভাগ, রাজশাহী।

ডাঃ সাইফুর রহমান খান
সহকারী পরিচালক (অর্থ )
স্বাস্থ্য অধিদপ্তর,, মহাখালী, ঢাকা